# শব্দালঙ্কার / বক্রোক্তি ৩

বক্রোক্তি অলঙ্কার নিয়ে আরো কিছু বিভ্রান্তি তোমাদের মধ্যে থাকতে পারে। কিছু প্রশ্নও মনে জাগতে পারে। যেমন তোমার মনে হতে পারে যে শ্লেষ পড়তে গিয়ে [illegible] দেখেছি [illegible]ন একই শব্দ একবারই ব্যবহৃত হয়ে দুটো বা একাধিক অর্থ প্রকাশ করেছিল। 'মাথার উপরে রয়েছেন রবি' কথাটায় 'রবি' শব্দটা একবারই আছে, কিন্তু মানে দুটো। এক সূর্য, দুই রবীন্দ্রনাথ।

শ্লেষ বক্রোক্তিতেও তো ব্যাপারটা একই রকম। এখানেও একটা শব্দ দুটো অর্থ প্রকাশ করছে। তাহলে তুমি বুঝবে কি করে কোনটা শ্লেষ অলঙ্কার আর কোনটা শ্লেষ বক্রোক্তি?

ঠিকই তো। এটা তো একটা সঙ্গত প্রশ্নই। তবে বলি, খুব সহজেই তুমি বুঝতে পারবে কোনটা শ্লেষ, আর কোনটা শ্লেষ বক্রোক্তি।

শ্লেষ অলঙ্কারে কবি ইচ্ছাকৃতভাবে যে কথাটা বলেন, সেখানে কথাটার দুটো মানে লুকিয়ে রাখেন।

কিন্তু বক্রোক্তি অলঙ্কারে আসলে দুটো পক্ষ থাকে। একজন প্রশ্নকর্তা বা বক্তা এবং অন্যজন উত্তরকর্তা বা শ্রোতা। নাটকের সংলাপের মতো সেখানে বক্তা একটা কথা বলেন এক অর্থে, আর শ্রোতা অন্য অর্থ ধরে নিয়ে উত্তর দেন। শ্লেষ বক্রোক্তিতে এটাই ঘটে। কিন্তু শ্লেষ অলঙ্কারে এরকম দুটো পক্ষ থাকে না। এবারে বুঝলে তো?